# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩০৬. কোন মহিলাকে শুধু কষ্ট দেয়ার উদ্দেশ্যেই তাকে তালাক দিয়ে তার ইদ্দত শেষ হওয়ার কিছু পূর্বেই তাকে আবারো ফিরিয়ে নেয়া

আল্লাহ্ তা’আলা বলেন:

وَإِذَا طَلَّقْتُمُ النِّسَاءَ فَبَلَغْنَ أَجَلَهُنَّ فَأَمْسِكُوهُنَّ بِمَعْرُوف أَوْ سَرِّحُوهُنَّ بِمَعْرُوف ۚ وَلَا تُمْسِكُوهُنَّ ضِرَارًا لِّتَعْتَدُوا ۚ وَمَن يَفْعَلْ ذَٰلِكَ فَقَدْ ظَلَمَ نَفْسَهُ ۚ وَلَا تَتَّخِذُوا آيَاتِ اللَّهِ هُزُوًا ۚ وَاذْكُرُوا نِعْمَتَ اللَّهِ عَلَيْكُمْ وَمَا أَنزَلَ عَلَيْكُم مِّنَ الْكِتَابِ وَالْحِكْمَةِ يَعِظُكُم بِهِ ۚ وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ

‘‘যখন তোমরা নিজ স্ত্রীদেরকে তালাক দাও এবং তারা ইদ্দতের শেষ পর্যায়ে উপনীত হয় তখন তোমরা তাদেরকে ন্যায়সঙ্গতভাবে নিজের অধীনে রাখো অথবা ন্যায়সঙ্গতভাবে তাদেরকে পরিত্যাগ করো। তাদের উপর কোন ধরনের অত্যাচার কিংবা তাদের কোন প্রকারের ক্ষতি করার জন্য তাদেরকে নিজের অধীনে আটকে রাখো না। যে ব্যক্তি এমন করলো সে যেন নিজের উপরই যুলুম করলো। আর তোমরা কখনো আল্লাহ্ তা’আলার আয়াত সমূহকে বিদ্রূপাচ্ছলে গ্রহণ করো না’’। (বাক্বারাহ্ : ২৩১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11556

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন